গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে উদ্‌যাপন কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আনিছুর রহমান<br>সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| তারিখ | : | ১৬-০২-২০২০ খ্রি. |
| সময় | : | বিকাল: ০৩.০০ ঘটিকা |
| স্থান | : | এ বিভাগের সম্মেলন কক্ষ (ভবন নং-০৬, কক্ষ নং-১২১, বাংলাদেশ সচিবালয়) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (অপারেশন) জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ০২-১২-২০১৯ তারিখের পত্রে আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষ্যে দেশব্যাপী অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত পরামর্শ দেয়া হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থার কর্মসূচী রয়েছে। তাছাড়া, জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে এ বিভাগ হতে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অতঃপর সভায় আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান ও জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে এ বিভাগের কর্মপরিকল্পনার উপর পৃথক ০২ (দুই)টি Powerpoint উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনার পর আগামী ১৭ ই মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত পরামর্শের আলোকে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | অতিরিক্ত সচিব (অপারেশন) জানান যে, জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২০ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনির (প্রযোজ্য ক্ষেত্রে) পরামর্শ রয়েছে। বিষয়টি এ বিভাগ সংশ্লিষ্ট নয় বিধায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে জাতীয় বাস্তবায়ন কমিটির পরবর্তী নির্দেশনা প্রাপ্তির পর কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | জাতীয় বাস্তবায়ন কমিটির পরবর্তী নির্দেশনা প্রাপ্তির পর কার্যক্রম গ্রহণ করতে হবে। | জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি/সকল দপ্তর/সংস্থা |
| ২.২ | সকল সরকারি, বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে কর্মসূচী রয়েছে। এ বিষয়ে উপসচিব (প্রশাসন) জানান, ইতোমধ্যে এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থাকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১৭ই মার্চ ২০২০ তারিখ এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানির ভবনে পতাকা উত্তোলন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| ২.৩ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/ প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন বিষয়ে অতিরিক্ত সচিব (অপারেশন) সভায় উল্লেখ করেন যে, বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/ প্রতিকৃতি রয়েছে। উক্ত প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করা যেতে পারে। | এ বিভাগের অধীন যে সকল দপ্তর/ সংস্থা/কোম্পানিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/ প্রতিকৃতি রয়েছে সে সকল ম্যুরাল/ ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৪ | মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন ইত্যাদি। এ বিষয়ে বিপিসি, পেট্রোবাংলা ও বিস্ফোরক পরিদপ্তরের প্রতিনিধি জানান, তাদের আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহে ধর্মীয় প্রতিষ্ঠান রয়েছে। সভাপতি ১৭ই মার্চ ২০২০ তারিখে ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহের সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২.৫ | জাতীয় শিশু দিবসের অনুষ্ঠান আয়োজন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিভাগের আওতাধীন যে সকল দপ্তর/সংস্থার নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে সে সকল প্রতিষ্ঠানে জাতীয় শিশু দিবসের অনুষ্ঠান আয়োজনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শিশু দিবসের অনুষ্ঠান আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২.৬ | প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহকে প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২.৭ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থায় ১৭ই মার্চ হতে পরবর্তী ০২ দিন পর্যন্ত এবং ২৬ মার্চ হতে পরবর্তী ০২ দিন পর্যন্ত আলোকসজ্জা করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। | এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থাকে ১৭ই মার্চ হতে পরবর্তী ০২ দিন পর্যন্ত এবং ২৬ মার্চ হতে পরবর্তী ০২ দিন পর্যন্ত আলোকসজ্জা করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২.৮ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন আয়োজন। যেমন: সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/ স্মরণিকা প্রকাশ,কুইজ, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বই মেলা, কবিতা আবৃত্তি, আনন্দ ভোজ ইত্যাদির আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ বিভাগের অধীন যে সকল দপ্তর/সংস্থা/ কোম্পানির শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে সে সকল প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/ স্মরণিকা প্রকাশ, কুইজ, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বই মেলা, কবিতা আবৃত্তি, আনন্দ ভোজ ইত্যাদির আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা ও কোম্পানি এবং ভিডিও প্রস্তুত মেলা, রচনা প্রতিযোগিতা, পুরস্কার প্রদান সংক্রান্ত উপকমিটি |
| ২.৯ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও সহায়তা প্রদান। | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করতে হবে। | দপ্তর/সংস্থা এবং প্রকাশনা ও প্রচার উপকমিটি |
| ২.১০ | জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরীকৃত থিম সং ব্যবহারের বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সং প্রাপ্তির পর সকল দপ্তর/সংস্থায় ব্যবহার করতে হবে। | এ বিভাগ ও সকল দপ্তর/সংস্থা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১১ | বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রোথ সেন্টারে বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচিত্র ও তথ্যচিত্র প্রদর্শন বিষয়ে সভায় আলোচনা হয়। | জ্বালানি খাতে বঙ্গবন্ধুর অবদানের উপর তৈরিকৃত ডকুমেন্টরি ও তথ্যচিত্র ও ৭ই মার্চের ভাষণ প্রচার/ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২.১২ | জন্মশতবার্ষিকীর কর্মসূচি স্থানীয়ভাবে প্রচার এবং পাশাপাশি কেন্দ্রীয়ভাবে প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির মিডিয়া সেন্টারে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | জন্মশতবার্ষিকীর কর্মসূচি স্থানীয়ভাবে প্রচার করতে হবে এবং কেন্দ্রীয়ভাবে প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির মিডিয়া সেন্টারে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা এবং প্রকাশনা ও প্রচার উপকমিটি |
| ২.১৩ | জন্মশতবার্ষিকীর কর্মসূচি বাস্তবায়নের সময় বিভিন্ন দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জন্মশতবার্ষিকীর প্রযোজ্য কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২.১৪ | উদ্বোধনের দিন দেশের সকল বিভাগীয় শহর, জেলা ও সিটি কর্পোরেশনসমূহ দিনব্যাপী নিজস্ব কর্মসূচি পালনের পাশাপাশি বিকাল ৪.০০ টা থেকে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানের সঙ্গে সরাসরি যুক্ত হবে। | উদ্বোধনের দিন এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার বিভাগীয় শহর, জেলা ও সিটি কর্পোরেশন পর্যায়ের অফিসসমূহ দিনব্যাপী নিজস্ব কর্মসূচি পালনের পাশাপাশি বিকাল ৪.০০ টা থেকে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানের সঙ্গে সরাসরি যুক্ত হতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে এ বিভাগ হতে গৃহীত কর্মপরিকল্পনা এবং বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ উপলক্ষ্যে গত ০৬-০২-২০২০ তারিখে মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার প্রেক্ষিতে জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের তথ্যাদি, জ্বালানি বিষয়ে জাতির পিতার পরিকল্পনা এবং এক্ষেত্রে বর্তমান সরকারের অর্জন, ভবিষ্যত কর্মপরিকল্পনা এবং প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি নিয়ে একটি প্রকাশনা প্রকাশ করা। এ বিষয়ে উপকমিটির সদস্য-সচিব জানান যে, ইতঃমধ্যে একটি 'খসড়া' Booklet প্রস্তুত করা হয়েছে। Booklet প্রস্তুতের নিমিত্ত প্রাপ্ত Write up গুলোতে তথ্যের সঠিকতা, করণিক ত্রুটি ও তথ্যের অসামঞ্জস্যতা এবং হালনাগাদ তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে কি-না তা যাচাই করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। | আগামী মার্চ ২০২০ তারিখের মধ্যে Booklet প্রকাশ করতে হবে। | প্রকাশনা ও প্রচার উপকমিটি |
| ৩.২ | বঙ্গবন্ধুর উদ্ধৃতি, বক্তব্য, ছবি সম্বলিত তথ্য, অর্থনীতিতে জ্বালানি খাতের অবদান, বর্তমান সরকারের সাফল্য, কর্মপরিকল্পনা ইত্যাদি নিয়ে একটি ডকুমেন্টরি/ভিডিও ক্লিপ (বাংলা ও ইংরেজী উভয় ভাষায়) তৈরি। এ বিষয়ে উপকমিটির সদস্য-সচিব জানান, ইতঃমধ্যে বাংলা ভার্সনে একটি ভিডিও ডকুমেন্টরি তৈরি করা হয়েছে, যা যাচাই-বাছাইঅন্তে চূড়ান্ত করা হবে। বাংলা ডকুমেন্টারি চূড়ান্ত হলে অনুরূপ ইংরেজি ভার্সনেও একটি ডকুমেন্টরি তৈরি করা হবে। | দ্রুততার সঙ্গে বাংলা ও ইংরেজি ভার্সনে ডকুমেন্টরি প্রস্তুত করতে হবে। | ভিডিও প্রস্তুত মেলা, রচনা প্রতিযোগিতা, পুরস্কার প্রদান সংক্রান্ত উপকমিটি |

| ক্রম | কর্মসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.৩ | বছরব্যাপী ইলেকট্রনিক, প্রিন্ট, সোশ্যাল মিডিয়া, মোবাইল ফোন ইত্যাদিতে জ্বালানি সেক্টর সম্পর্কিত বিভিন্ন তথ্য, জনসচেতনতামূলক কার্যক্রম (যেমনঃ এলপিজি, সিএনজি গ্যাস ও জ্বালানি তেল ব্যবহার, দুর্ঘটনা প্রতিরোধ ইত্যাদি) প্রচারণা। এ বিষয়ে উপকমিটির সদস্য-সচিব জানান, ভিডিও'র জন্য প্রয়োজনীয় তথ্যাদিসম্পন্ন ক্লিপ কোম্পানী/দপ্তর/ সংস্থা হতে পাওয়া গেছে। পোস্টার, ব্যানার ও ড্রপডাউন দ্বারা বিভিন্ন দপ্তর/সংস্থা সজ্জিতকরণের কাজ শুরু হয়েছে। এছাড়া, প্রত্যেক জেলার প্রেসক্লাবকে সংশ্লিষ্ট রেখে জ্বালানি দক্ষতা বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ক) আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখের মধ্যে ভিডিও ক্লিপ প্রস্তুত করে জনসচেতনতা তৈরির লক্ষ্যে বছরব্যাপী প্রচারের ব্যবস্থা করতে হবে;<br>খ) পোস্টার, ব্যানার ও ড্রপডাউন দ্বারা দপ্তর/সংস্থা সজ্জিত করতে হবে; এবং<br>গ) প্রত্যেক জেলার প্রেসক্লাবকে সংশ্লিষ্ট রেখে জ্বালানি দক্ষতা বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি এবং ভিডিও প্রস্তুত মেলা, রচনা প্রতিযোগিতা, পুরস্কার প্রদান সংক্রান্ত উপকমিটি/ প্রকাশনা ও প্রচার উপকমিটি |
| ৩.৪ | সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দাপ্তরিক পত্রাদি ও লেটার প্যাডে মুজিব বর্ষের লোগো ব্যবহার এবং ওয়েবসাইটে লোগো ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে উপসচিব (প্রশাসন-১) জানান, এ বিভাগের দাপ্তরিক পত্রাদি এবং লেটার প্যাডে মুজিব বর্ষের লোগো ব্যবহার করা হচ্ছে। এ বিভাগের অধীনস্থ সকল দপ্তর/সংস্থার দাপ্তরিক পত্রাদি, লেটার প্যাড ও ওয়েবসাইটে মুজিব বর্ষের লোগো ব্যবহারের বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার দাপ্তরিক পত্রাদি, লেটার প্যাড এবং ওয়েবসাইটে লোগো ব্যবহার করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৩.৫ | সরকার কর্তৃক কেন্দ্রীয়ভাবে আয়োজিত উন্নয়ন মেলাসহ প্রাসঙ্গিক সকল কর্মকান্ডে/দিবসে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অংশগ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উন্নয়ন মেলাসহ প্রাসঙ্গিক সকল কর্মকান্ডে/দিবসে এ বিভাগের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে; | এ বিভাগ ও সকল দপ্তর/সংস্থা |
| ৩.৬ | জ্বালানি খাতের বিশেষ অবদান/উদ্ভাবন ইত্যাদির জন্য ব্যক্তি/উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা এবং জ্বালানি খাতে সমৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে Schorlarship প্রণয়নের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়। | ক) জ্বালানি খাতের বিশেষ অবদান/উদ্ভাবন ইত্যাদির জন্য ব্যক্তি/উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে পুরস্কৃত করতে হবে; এবং<br>খ) জ্বালানি খাতে সমৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে Schorlarship প্রণয়নের ব্যবস্থা করতে হবে। | জন্মশতবার্ষিকী সংক্রান্ত উদ্‌যাপন কমিটি |
| ৩.৭ | ৬ টি মডেল পেট্রোল পাম্প স্থাপন। এ বিষয়ে চেয়ারম্যান, বিপিসি জানান যে, নকশা অনুমোদন হয়েছে। ৩টি বিপণন কোম্পানি পদ্মা, মেঘনা ও যমুনা অয়েল কোম্পানি লিমিটেডকে ২টি করে মোট ৬ টি মডেল পেট্রোল পাম্প স্থাপনের প্রশাসনিক অনুমোদন দেয়া হয়েছে। জানুয়ারি ২০২১ সালের মধ্যে ৬টি পেট্রোল পাম্প উদ্বোধন করা সম্ভব হবে। | জানুয়ারি ২০২১ সালের মধ্যে ৬ টি মডেল পেট্রোল পাম্প স্থাপন করতে হবে। | বিপিসি এবং অটোমেশন ও জ্বালানি অপচয় রোধ উপকমিটি |
| ৩.৮ | জ্বালানি সেক্টরের যে কোন একটি কাজ চিহ্নিত করে অটোমেশন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে উপকমিটির সদস্য সচিব জানান, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড এর ইআরপি চালুকরণের বিষয়টি কর্মসূচীতে অন্তর্ভুক্ত রয়েছে। | মার্চ ২০২০ তারিখের মধ্যে গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড এর ইআরপি উদ্বোধন করতে হবে। | পেট্রোবাংলা এবং অটোমেশন ও জ্বালানি অপচয় রোধ উপকমিটি |

| ক্রম | কর্মসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.৯ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট আইন/বিধির ম্যানুয়াল প্রণয়ন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইতঃমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা ও পরিদপ্তরের আইন, বিধি ও প্রবিধান এর একটি সংকলন প্রণয়ন করা হয়েছে। সভায় আরও উল্লেখ করা হয় যে, অধীনস্থ দপ্তর/সংস্থা/ পরিদপ্তরের (কোম্পানিসহ) আইন, বিধি ও প্রবিধানের পৃথক সংকলন প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | জুন, ২০২০ মাসের মধ্যে সকল দপ্তর/সংস্থাকে সংশ্লিষ্ট আইন, বিধি ও প্রবিধানের সংকলন প্রকাশ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৩.১০ | টিভিতে জ্বালানি সংক্রান্ত নির্ধারিত বিষয়ে টকশোতে অংশগ্রহণের মাধ্যমে প্রচারণা। এ বিষয়ে উপকমিটির সদস্য-সচিব জানান যে, টকশোর জন্য বিষয় নির্ধারণের কাজ চলমান আছে। | বছরব্যাপী টিভিতে জ্বালানি সংক্রান্ত নির্ধারিত বিষয়ে টকশোর আয়োজন করতে হবে। | প্রকাশনা ও প্রচার উপকমিটি |
| ৩.১১ | স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক রচনা প্রতিযোগিতা/বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা। | স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক রচনা প্রতিযোগিতা/ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা ও ভিডিও প্রস্তুত মেলা, রচনা প্রতিযোগিতা, পুরস্কার প্রদান সংক্রান্ত |
| ৩.১২ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/কোম্পানি কর্তৃক বিভাগ, অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ। | এ বিভাগের অধীন যে সকল দপ্তর/সংস্থা/কোম্পানির বিভাগ, অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে অফিস আছে সে সকল দপ্তর/সংস্থা/কোম্পানি জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে। | দপ্তর/সংস্থা/ কোম্পানি |
| ৩.১৩ | Multiclient Survey এবং নতুন মডেল পিএসসি এর মাধ্যমে অফশোর বিডিং রাউন্ড আহবান করে ব্লক ইজারার কার্যক্রম মনিটরিং এর বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সদস্য সচিব জানান, Multiclient Survey এর চূড়ান্ত Model Agreement সম্পন্নকরণের নিমিত্ত ভেটিং/ মতামতের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। বিডিং রাউন্ড আহবানের প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের জন্য পেট্রোবাংলাকে ০৮.০৮.২০১৯ তারিখে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, ৩১.১০.২০১৯ তারিখে এ সংক্রান্ত কমিটির সভায় ১৭ মার্চ ২০২০ এর মধ্যে বিডিং রাউন্ড শুরু করার নির্দেশনা দেয়া হয়েছে। | ১৭ মার্চ ২০২০ তারিখের মধ্যে বিডিং রাউন্ড শুরু করতে হবে। | মাল্টি ক্লায়েন্ট সার্ভে ও বিডিং মনিটরিং উপকমিটি |
| ৩.১৪ | ২০২০ সালের মধ্যে 'অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা নিশ্চিতকরণ' বিষয়ে সভায় উল্লেখ করা হয় যে, পেট্রোবাংলা বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করেছে। ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের একজন উপসচিবকে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর ক্ষমতা প্রদান করা হয়েছে। | ২০২০ সালের মধ্যে 'অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা নিশ্চিত' করতে হবে। | অটোমেশন ও জ্বালানি অপচয় রোধ উপকমিটি |

| ক্রম | কর্মসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১৫ | মুজিব বর্ষ, বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ এবং জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০২০ উপলক্ষ্যে আর্ন্তজাতিক মানের সেমিনার/সিম্পোজিয়াম/ কনফারেন্স আয়োজন করা এবং সেমিনার/সিম্পোজিয়াম/ কনফারেন্সে প্রতিবেশি দেশসমূহ এবং অন্যান্য দেশের বিদেশী অতিথিদের আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। | মুজিব বর্ষ, বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ এবং জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০২০ উপলক্ষ্যে আর্ন্তজাতিক মানের সেমিনার/ সিম্পোজিয়াম/কনফারেন্স আয়োজন করতে হবে এবং সেমিনার/ সিম্পোজিয়াম/ কনফারেন্সে প্রতিবেশি দেশসমূহ এবং অন্যান্য দেশের বিদেশী অতিথিদের আমন্ত্রণ জানাতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ৩.১৬ | জ্বালানি নিরাপত্তা দিবসে/সুবিধাজনক সময়ে ৩/৪ দিনব্যাপী মেলা আয়োজন করা। মেলায় ভারত, ভূটান, নেপালসহ পার্শ্ববর্তী দেশের জ্বালানি ও বিদ্যুৎ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রীবর্গকে আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। | এ বিষয়ে আলোচনা সাপেক্ষে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ৩.১৭ | মুজিব বর্ষ এবং বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ উপলক্ষ্যে বাজেট নির্ধারণ করা। | ক) স্ব-স্ব বাজেট বরাদ্দ হতে ব্যয় নির্বাহ করতে হবে; এবং<br>খ) বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ উপলক্ষ্যে বাজেট নির্ধারণ করতে হবে।। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও সকল দপ্তর/সংস্থা |
| ৩.১৮ | আগামী ৩ বছরের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে Paperless Office-এ রূপান্তর, তথ্য আর্কাইভ করা, আধুনিক স্টোর স্থাপন, ফায়ার Saftey নিশ্চিত করে জাতীয় নিরাপত্তা গড়ে তোলা এবং দাপ্তরিক কর্মপরিবেশ উন্নতকরণসহ সৌন্দর্যবর্ধন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ক) আগামী ৩ বছরের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে Paperless Office করতে হবে; এবং<br>খ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহকে আধুনিকায়ন করতে হবে। | বিভাগ/সকল দপ্তর/সংস্থা |
| ৩.১৯ | বিস্ফোরক পরিদপ্তর এবং বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউটে সর্বাধুনিক সুবিধাদি গড়ে তুলে আধুনিকায়নের বিষয়ে আলোচনা হয়। | বিস্ফোরক পরিদপ্তর এবং বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউটে সর্বাধুনিক সুবিধাদি গড়ে তুলে আধুনিকায়নের জন্য পরিকল্পনা প্রস্তুত করতে হবে। | বিস্ফোরক পরিদপ্তর এবং বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট |
| ৩.২০ | মুজিব বর্ষ উদ্‌যাপন এবং বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০২০ আয়োজনের লক্ষ্যে ফোকাল পয়েন্ট মনোনয়নের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে উপসচিব (প্রশাসন-১) জানান, ইতঃমধ্যে মুজিব বর্ষ উপলক্ষ্যে অতিরিক্ত সচিব (অপারেশন)-কে ফোকাল পয়েন্ট মনোনয়ন করা হয়েছে। | -- | বাস্তবায়িত |
| ৩.২১ | মাতারবাড়ী এলএনজি টার্মিনালের প্রচারণার ব্যবস্থা করা। | মাতারবাড়ী এলএনজি টার্মিনালসহ এ বিভাগের অন্যান্য প্রকল্পসমূহের প্রচারণা বৃদ্ধি করতে হবে। প্রচারণা বৃদ্ধির জন্য পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশসহ TV তে টকশোর আয়োজন করতে হবে। | বিপিসি ও পেট্রোবাংলা |

| ক্রম | কর্মসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.২২ | প্রতিদিন এক ঘন্টা করে বেশি কাজ করার বিষয়ে সভায় সর্বসম্মতভাবে একমত পোষণ করা হয়। | মুজিব বর্ষ উপলক্ষে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তা/ কর্মচারীগণকে স্বেচ্ছা প্রণোদিতভাবে প্রতিদিন ০১ (এক) ঘন্টা বেশি কাজ করতে হবে। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং সকল দপ্তর/সংস্থা |
| ৩.২৩ | মুজিব বর্ষে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে উপসচিব (প্রশাসন-১) জানান, ইতোমধ্যে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। | মুজিব বর্ষ উপলক্ষ্যে তৈরিকৃত সময়ভিত্তিক কর্মপরিকল্পনা দ্রুততার সাথে বাস্তবায়ন করতে হবে। | জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি |
| ৩.২৪ | জ্বালানি খাতে বিদেশী বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে সেসব খাতে বিনিয়োগ করা যাবে তার প্রকাশনা প্রস্তুতপূর্বক বিদেশে বাংলাদেশ দূতাবাস/হাই-কমিশনে প্রচারের বিষয়ে আলোচনা হয়। | জ্বালানি খাতে বিদেশী বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে সেসব খাতে বিনিয়োগ করা যাবে তার প্রকাশনা প্রস্তুতপূর্বক বিদেশে বাংলাদেশ দূতাবাস/হাই-কমিশনে প্রেরণ করতে হবে। | প্রকাশনা ও প্রচার উপকমিটি |
| ৩.২৫ | সরকারি সংস্থার পাশাপাশি বেসরকারি জ্বালানি স্থাপনাসমূহে মুজিব বর্ষ উদ্‌যাপনের বিষয়ে আলোচনা হয়। | সরকারি সংস্থার পাশাপাশি বেসরকারি জ্বালানি স্থাপনাসমূহে মুজিব বর্ষ উদ্‌যাপনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩-০২-২০২০
(মোঃ আনিছুর রহমান)
সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.২৩.১০৪.১৯. ১৫০ তারিখ : ১১ ফাল্গুন ১৪২৬ / ২৪ ফেব্রুয়ারি ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। চেয়ারম্যান (সরকারের সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
৫। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।
৬। যুগ্মসচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৭। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
৯। সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি), ঢাকা।
১০। উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা) ও সদস্য-সচিব, মাল্টি ক্লায়েন্ট সার্ভে এবং অফশোর বিডিং মনিটরিং উপকমিটি।

১১। উপসচিব (উন্নয়ন-৪ শাখা) এবং সদস্য-সচিব, প্রকাশনা ও প্রচার উপকমিটি।
১২। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
১৩। উপপ্রধান (পরিকল্পনা-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৪। উপসচিব (অপারেশন-২ শাখা) ও সদস্য-সচিব, অটোমেশন ও জ্বালানি অপচয় রোধ সংক্রান্ত উপকমিটি।
১৫। উপসচিব (বাজেট অধিশাখা) ও সদস্য-সচিব, অর্থ ও বাজেট উপকমিটি।
১৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল/বিজিডিসিএল/জেজিটিডিএসএল/পিজিসিএল/কেজিডিসিএল/বিজিএফসিএল/এসজিএফএল/জিটিসিএল/বাপেক্স/আরপিজিসিএল/বিসিএমসিএল/এমজিএমসিএল/এসজিসিএল/পদ্মা অয়েল কোং লি:/মেঘনা পেট্রোলিয়াম লি:/যমুনা অয়েল কোং লি:/ইআরএল/এলপিজি/ইএলবিএল, ঢাকা।
১৮। সিস্টেম এনালিস্ট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯। অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২০। যুগ্মসচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২১। অফিস কপি।

২৪.০২.২০২০

(মোছাম্মাৎ ফারহানা রহমান)
উপসচিব
ফোন: ৯৫১৪১৬৫
ই-মেইল: dsadmin1@emrd.gov.bd